গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ভারপ্রাপ্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

এবং

মন্ত্রিপরিষদ সচিব-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৭ - জুন ৩০, ২০১৮

# সূচিপত্র

মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিকচিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৩

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ........ ১৪

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ........ ১৭

## মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Ministry/Division)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ**

যুবদের প্রশিক্ষণ ও কর্মসংস্থানের মাধ্যমে মানব সম্পদ উন্নয়ন ও দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে উদ্বুদ্ধকরণ, প্রশিক্ষণ দান, প্রশিক্ষণোত্তর ঋণ সহায়তা ও আত্মকর্মসংস্থানের নিমিত্ত গত ৩ (তিন) বছরে সারাদেশে ৮,৬৫,৯২১ জনকে প্রশিক্ষণ প্রদান, প্রশিক্ষণোত্তর ঋণ হিসেবে ৩০৯.৮৪ কোটি টাকা বিতরণ এবং ১,৮৩,৩৪৮ জন যুবক ও যুবমহিলাকে আত্মকর্মসংস্থান প্রকল্প গ্রহণের মাধ্যমে স্বাবলম্বী করা হয়েছে। ক্রীড়ার মানোন্নয়নে আন্তর্জাতিক মানসম্পন্ন প্রশিক্ষকের মাধ্যমে ১৬,৩২৫ জন খেলোয়াড়কে প্রশিক্ষণ প্রদান ও ১,৮১০টি জাতীয় ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। আন্তর্জাতিক পর্যায়ে ২০০টি ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণ করে ৬৩৯টি স্বর্ণ, ৫২০টি রৌপ্য ও ৪৩৯টি ব্রোঞ্জ পদক অর্জন করা হয়েছে। এ সময়ে ক্রীড়ায় ৪৭টি নতুন জাতীয় রেকর্ড সৃষ্টি হয়েছে। ক্রীড়াক্ষেত্রে উৎসাহ প্রদানের লক্ষ্যে ৩২৭৬ জন দুস্থ ক্রীড়াবিদকে ৪.৪৬ কোটি টাকা অনুদান প্রদান করা হয়েছে। এছাড়া, ৬টি শারীরিক শিক্ষা কলেজের মাধ্যমে ১,৩১৭ জনকে শারীরিক শিক্ষায় স্নাতক ডিগ্রী প্রদান করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ**

ক্রমবর্ধমান যুবসংখ্যাকে যুবশক্তিতে রূপান্তর করা একটি চ্যালেঞ্জ। দেশের যুবশক্তিকে আত্মকর্মী হিসেবে গড়ে তোলাসহ আন্তর্জাতিক শ্রম বাজারের চাহিদা অনুযায়ী প্রশিক্ষণ ট্রেড নির্বাচন, প্রশিক্ষণ প্রদান এবং প্রশিক্ষিত যুবদের প্রয়োজনীয় সহায়তা দিয়ে দক্ষ যুবশক্তি হিসেবে গড়ে তোলা একটি চ্যালেঞ্জ। আন্তর্জাতিক মানসম্পন্ন ক্রীড়াবিদ তৈরি করা একটি চ্যালেঞ্জ। আর্থিক অস্বচ্ছলতার দরুণ প্রশিক্ষণার্থীগণ দীর্ঘমেয়াদি প্রশিক্ষণ কার্যক্রম সমাপ্ত না করে ঝরে পড়ে, এতে প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা অর্জন ব্যাহত হয়। ক্রীড়াক্ষেত্রে প্রশিক্ষণ প্রদান ও স্থাপনা নির্মাণে বিভিন্ন ফেডারেশন, এসোসিয়েশন/ক্রীড়া সংস্থা ও স্টেক হোল্ডারদের উপর নির্ভরশীল হতে হয়।

**ভবিষ্যৎ পরিকল্পনা**

শিক্ষিত বেকার যুবদের অস্থায়ী কর্মসংস্থানের জন্য পর্যায়ক্রমে সারাদেশে ন্যাশনাল সার্ভিস কর্মসূচির কার্যক্রম সম্প্রসারণ করা হবে। দেশ-বিদেশের চাহিদা অনুযায়ী নতুন নতুন প্রকল্প/কর্মসূচি গ্রহণ করে যুবদের প্রশিক্ষণ প্রদান করা হবে। প্রতিভা অন্বেষণ কর্মসূচি হতে দীর্ঘমেয়াদি প্রশিক্ষণের জন্য ভর্তিকৃত খেলোয়াড়ের সংখ্যা বৃদ্ধি করা হবে। বিভিন্ন ফেডারেশন, এসোসিয়েশন ও ক্রীড়া সংস্থার মানোন্নয়নের মাধ্যমে আন্তর্জাতিক মানের খেলোয়াড় সৃষ্টি ও ক্রীড়া স্থাপনার উন্নয়ন করা হবে। বিভাগীয় পর্যায়ে ক্রীড়া পরিদপ্তরের কার্যাবলি সম্প্রসারণ করা হবে।

**২০১৭-১৮ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- ন্যাশনাল সার্ভিস কর্মসূচির মাধ্যমে ৪৫,০০০ জনের অস্থায়ী কর্মসংস্থান সৃষ্টি;
- দেশ-বিদেশে কর্মসংস্থানের লক্ষ্যে ২,৮২,০০০ জন যুবক-যুবমহিলাকে প্রশিক্ষণ প্রদান;
- ৩৬৮০০ জন প্রশিক্ষিত যুবকে ১০৬ কোটি টাকা ঋণ প্রদান;
- ১৯টি সফল যুব/যুব সংগঠনকে জাতীয় যুব পুরস্কার প্রদান;
- ১০ জন ক্রীড়াবিদ/ক্রীড়া সংগঠককে জাতীয় ক্রীড়া পুরস্কার প্রদান;
- ১৭,১০০ জন ক্রীড়াবিদকে প্রশিক্ষণ প্রদান;
- ক্রীড়ায় উদ্বুদ্ধ করার জন্য ১১৪০ জন দুঃস্থ ক্রীড়াবিদকে আর্থিক অনুদান প্রদান এবং
- উপজেলা, জেলা, বিভাগ ও কেন্দ্রীয় পর্যায়ে খেলাধুলার সুযোগ বৃদ্ধির জন্য ৯০টি নতুন স্থাপনা নির্মাণ এবং ২৫টি ক্রীড়া স্থাপনা মেরামত ও সংস্কার।

## প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের যুব ও ক্রীড়া মন্ত্রণালয়-এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে ভারপ্রাপ্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ-এর মধ্যে ২০১৭ সালের জুলাই মাসের ০৬ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

**১.১ রূপকল্প (Vision)**

জাতীয় উন্নয়নে দক্ষ যুবশক্তি এবং আন্তর্জাতিক মানের ক্রীড়া।

**১.২ অভিলক্ষ্য (Mission)**

প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ ও উৎপাদনশীল যুব সমাজ গঠন এবং ক্রীড়াক্ষেত্রে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে উৎকর্ষ সাধন।

**১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)**

**১.৩.১ মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. দক্ষ, উৎপাদনক্ষম ও সচেতন যুব সমাজ গঠন;

২. ক্রীড়ার মানোন্নয়ন ও বিকাশ।

**১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন

২. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা

৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন

৪. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন

৫. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার করা

**১.৪ কার্যাবলি (Functions)**

১. যুবদের প্রশিক্ষণ, উন্নয়ন ও কল্যাণমুখী যাবতীয় কার্যক্রম বাস্তবায়নের মাধ্যমে দক্ষ মানবসম্পদ তৈরি এবং তাদের জাতীয় উন্নয়নের মূলধারার সাথে সম্পৃক্তকরণ;

২. বেকার যুবদের আত্ম-কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি এবং উন্নয়নমূলক কাজে যুবদের স্বেচ্ছায় অংশগ্রহণে উৎসাহিতকরণ, সফল যুবদের পুরস্কার প্রদান ও যুব সংগঠনকে অনুদান প্রদান;

৩. যুব উন্নয়ন কার্যক্রমের উপর গবেষণা ও জরিপ;

৪. জাতি গঠনমূলক কাজে যুবদের সম্পৃক্তকরণ ও ক্ষমতায়ন;

৫. জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে খেলাধুলার আয়োজন, অংশগ্রহণ ও জাতীয় ক্রীড়া পুরস্কার প্রদান;

৬. ক্রীড়াক্ষেত্রে প্রতিভা অন্বেষণ, গ্রামাঞ্চলে ক্রীড়া পরিবেশ সৃষ্টি ও দক্ষ ক্রীড়াবিদ তৈরিকরণ;

৭. বিভিন্ন ক্রীড়া সংস্থাকে অনুদান প্রদান এবং অসচ্ছল ক্রীড়াবিদদের কল্যাণ অনুদান প্রদান;

৮. ক্রীড়া স্থাপনা নির্মাণ, উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ।

## সেকশন ২

## মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | চূড়ান্ত ফলাফল সূচক | একক | ভিত্তি বছর ২০১৫-২০১৬ | প্রকৃত অর্জন* ২০১৬-২০১৭ | লক্ষ্যমাত্রা ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৮-২০১৯ | ২০১৯-২০২০ | | |
| যুবদের কর্মসংস্থান বৃদ্ধি | ন্যাশনাল সার্ভিসের অধীনে প্রশিক্ষিত ও অস্থায়ী কর্মসংস্থানে নিয়োজিত যুব সংখ্যা | জন | ৫৬০৫৪ | ১৪৪৬৭ | ৪৫০০০ | ৫৫০০০ | ৬০০০০ | যুব উন্নয়ন অধিদপ্তর | MBF এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| | প্রশিক্ষিত যুবসংখ্যা | জন | ৪৬০৫৪ | ৫৭৮৭৯ | ২৮২০০০ | ২৯০০০০ | ৩০০০০০ | যুব উন্নয়ন অধিদপ্তর | MBF এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| ক্রীড়াক্ষেত্রে আন্তর্জাতিক মান অর্জন করা | আন্তর্জাতিক প্রতিযোগিতায় অংশগ্রহণের সংখ্যা | সংখ্যা | ৫০ | ৬২ | ৮৪ | ৯৫ | ১০৫ | (১) জাতীয় ক্রীড়া পরিষদ (২) বিকেএসপি | MBF এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| | আন্তর্জাতিক প্রতিযোগিতায় পদক প্রাপ্তির সংখ্যা | সংখ্যা | ১৮০ | ৭১ | ১০০ | ১০৫ | ১১০ | (১) জাতীয় ক্রীড়া পরিষদ (২) বিকেএসপি | MBF এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৫-২০১৬ | প্রকৃত অর্জন* ২০১৬-২০১৭ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-২০১৮ | | | | | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ | প্রক্ষেপণ ২০১৯-২০২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| [১] দক্ষ, উৎপাদনক্ষম ও সচেতন যুব সমাজ গঠন; | ৪০ | [১.১] ন্যাশনাল সার্ভিস কর্মসূচির অধীনে শিক্ষিত বেকার যুবদের প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে অস্থায়ী কর্মসংস্থান সৃষ্টি | [১.১.১] প্রশিক্ষিত ও অস্থায়ী কর্মসংস্থানে নিয়োজিত যুবকের সংখ্যা | জন | ৯.০০ | ৩৪৯০১ | ৪১১০৪ | ৪৫০০০ | ৪৪৫০০ | ৪৪০০০ | ৪১১০৪ | ৪১০০০ | ৫৫০০০ | ৬০০০০ |
| | | [১.২] যুবদের জন্য প্রশিক্ষণ কোর্স পরিচালনা | [১.২.১] প্রশিক্ষিত যুবসংখ্যা | জন | ৯.০০ | ৩১৭২৪২ | ২৭১০০০ | ২৮২০০০ | ২৮০০০০ | ২৭৫০০০ | ২৭১০০০ | ২৭০০০০ | ২৯০০০০ | ৩০০০০০ |
| | | [১.৩] সফল যুব সংগঠনকে আর্থিক অনুদান প্রদান | [১.৩.১] অনুদানপ্রাপ্ত যুব সংগঠনের সংখ্যা | সংখ্যা | ৭.০০ | ৭৪ | ৭৪ | ৫৮০ | ৫৭৫ | ৫৭০ | ৭৪ | ৭০ | ৫৯০ | ৬০০ |
| | | [১.৪] প্রশিক্ষিত যুবদের জন্য ক্ষুদ্রঋণ প্রদান | [১.৪.১] উপকারভোগী যুব সংখ্যা | জন | ৪.০০ | ৩৬৬০০ | ৩৬৭০০ | ৩৬৮০০ | ৩৬৭৮০ | ৩৬৭৭০ | ৩৬৭০০ | ৩৬০০০ | ৩৬৮০০ | ৩৬৮০০ |
| | | [১.৫] জাতীয় যুব পুরস্কার প্রদান | [১.৫.১] পুরস্কারপ্রাপ্ত যুব/যুব সংগঠকের সংখ্যা | জন | ৩.০০ | ১৫ | ১৯ | ১৯ | ১৭ | ১৫ | ১৯ | ১১ | ১৯ | ১৯ |
| | | [১.৬] জনসচেতনতামূলক অনুষ্ঠান | [১.৬.১] অনুষ্ঠিত সভার সংখ্যা | সংখ্যা | ১.০০ | | ১০৫৫ | ১১২০ | ১১০০ | ১০৮০ | ১০৫৫ | ৮০০ | ১১২০ | ১১২০ |
| | | [১.৭] প্রচার- প্রচারণা | [১.৭.১] প্রকাশনার সংখ্যা | সংখ্যা | ১.০০ | | ৮ | ১১ | ১০ | ৯ | ৮ | ৭ | ১১ | ১১ |
| | | [১.৮] আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি | [১.৮.১] আত্মকর্মীর সংখ্যা | জন | ৪.০০ | ৩৩৯৩০ | ৩৩২৮০ | ৩৫০০০ | ৩৪৫০০ | ৩৪০০০ | ৩৩২৮০ | ৩২৫০০ | ৩৬০০০ | ৪০০০০ |
| | | [১.৯] যুব প্রশিক্ষণ কার্যক্রম তদারকি | [১.৯.১] পরিদর্শন প্রতিবেদনের সংখ্যা | | ২.০০ | | | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | ৬৫ | ৭০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৫-২০১৬ | প্রকৃত অর্জন* ২০১৬-২০১৭ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-২০১৮ | | | | | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ | প্রক্ষেপণ ২০১৯-২০২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| [২] ক্রীড়ার মানোন্নয়ন ও বিকাশ। | ৪০ | [২.১] ক্রীড়ার বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান | [২.১.১] প্রশিক্ষিত ক্রীড়াবিদ সংখ্যা | জন | ৯.০০ | ১৪৮৮৮ | ১৬৭৬৩ | ১৭১০০ | ১৭০৯০ | ১৭০৫০ | ১৬৯৭৩ | ১৬৯০০ | ১৭১৩৫ | ১৭২২০ |
| | | [২.২] তৃণমূল পর্যায়ে ক্রীড়া প্রতিভা অন্বেষণ | [২.২.১] অন্বেষণকৃত প্রতিভার সংখ্যা | জন | ৭.০০ | ৩৭০০ | ৩৭০০ | ৩৭৩৬ | ৩৭৩০ | ৩৭২৫ | ৩৭০০ | ৩৬৭২ | ৩৭৪৫ | ৩৭৫৮ |
| | | [২.৩] শারীরিক শিক্ষায় স্নাতক ডিগ্রী প্রদান | [২.৩.১] ডিগ্রীপ্রাপ্তর সংখ্যা | জন | ২.০০ | ৬০০ | ৫৯০ | ৫৯০ | ৫৮৫ | ৫৮০ | ৫৬৫ | ৫৬০ | ৬০০ | ৬১০ |
| | | [২.৪] ক্রীড়ায় স্নাতক ডিগ্রী প্রদান | [২.৪.১] ডিগ্রীপ্রাপ্তর সংখ্যা | জন | ২.০০ | ০৫ | ২৬ | ৩০ | ২৮ | ২৬ | ২৪ | ২০ | ৩০ | ৩০ |
| | | [২.৫] ক্রীড়া ক্লাব/প্রতিষ্ঠানকে আর্থিক অনুদান | [২.৫.১] ক্রীড়া ক্লাব/ প্রতিষ্ঠানের সংখ্যা | সংখ্যা | ২.০০ | ৭০০ | ৭০২ | ৭৫০ | ৭৪৫ | ৭৪০ | ৭০২ | ৬৬০ | ৭৫৫ | ৭৬০ |
| | | [২.৬] দুস্থ ক্রীড়াবিদদের আর্থিক অনুদান | [২.৬.১] দুস্থ ক্রীড়াবিদদের সংখ্যা | জন | ২.০০ | ১১২০ | ১১৩০ | ১১৪০ | ১১৩৮ | ১১৩৫ | ১১৩০ | ১১২০ | ১১৫০ | ১২০০ |
| | | [২.৭] ক্রীড়া সামগ্রী বিতরণ | [২.৭.১] প্রতিষ্ঠানের সংখ্যা | সংখ্যা | ২.০০ | ৬২০৬ | ৬২১১ | ৬২২০ | ৬২১৮ | ৬২১৫ | ৬২১১ | ৬১৫৪ | ৬২৩০ | ৬২৪৫ |
| | | [২.৮] ক্রীড়া স্থাপনা নির্মাণ | [২.৮.১] নির্মিত স্থাপনার সংখ্যা | সংখ্যা | ২.০০ | ০১ | ১২ | ৯০ | ৮৫ | ৮০ | ১২ | ১০ | ৯৫ | ১০০ |
| | | [২.৯] ক্রীড়া স্থাপনা মেরামত ও সংস্কার | [২.৯.১] মেরামত/সংস্কারকৃত স্থাপনার সংখ্যা | সংখ্যা | ২.০০ | ১৮ | ১৫ | ২৫ | ২৩ | ২০ | ১৫ | ১৪ | ৩০ | ৩৫ |
| | | [২.১০] আন্তর্জাতিক প্রতিযোগিতায় অংশগ্রহণ | [২.১০.১] প্রতিযোগিতায় অংশগ্রহণের সংখ্যা | সংখ্যা | ১.০০ | ৬৪ | ৭৪ | ৮৪ | ৭৮ | ৭২ | ৬৬ | ৬০ | ৯৫ | ১০৫ |
| | | [২.১১] বিশেষ চাহিদাসম্পন্ন ক্রীড়া প্রতিভা অন্বেষণ | [২.১১.১] প্রতিভাবান খেলোয়াড় | সংখ্যা | ২.০০ | | | ৬৪৫ | ৬৪৩ | ৬৪১ | ৬৩৯ | ৬৩৫ | ৬৬০ | ৬৬৫ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৫-২০১৬ | প্রকৃত অর্জন* ২০১৬-২০১৭ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-২০১৮ | | | | | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ | প্রক্ষেপণ ২০১৯-২০২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| | | [২.১২] ক্রীড়া বিজ্ঞানে ডিপ্লোমা প্রদান | [২.১২.১] ডিপ্লোমাপ্রাপ্ত সংখ্যা | জন | ১.০০ | | | ৩০ | ২৫ | ২৩ | ২১ | ২০ | ৩০ | ৩০ |
| | | [২.১৩] কোচেস সার্টিফিকেট কোর্স | [২.১৩.১] কোর্সে অংশগ্রহণকারী সংখ্যা | জন | ১.০০ | | | ১৫০ | ১৪৫ | ১৪০ | ১৩৫ | ১৩০ | ১৬০ | ১৭০ |
| | | [২.১৪] জাতীয় ক্রীড়া পুরস্কার প্রদান | [২.১৪.১] পুরস্কারপ্রাপ্ত ক্রীড়াবিদ/প্রতিষ্ঠান সংখ্যা | | ২.০০ | | ৩১ | ১০ | ১০ | ১০ | ১০ | ১০ | ১০ | ১০ |
| | | [২.১৫] আন্তর্জাতিক প্রতিযোগিতার আয়োজন | [২.১৫.১] আয়োজিত আন্তর্জাতিক প্রতিযোগিতার সংখ্যা | | ১.০০ | | | ৪০ | ৩৮ | ৩৫ | ৩৩ | ৩০ | ৫৫ | ৫৭ |
| | | [২.১৬] ক্রীড়া প্রশিক্ষণ ও ক্রীড়া সামগ্রী বিতরণ কার্যক্রম তদারকি | [২.১৬.১] পরিদর্শন প্রতিবেদনের সংখ্যা | | ২.০০ | | | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | ৬৫ | ৭০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৫-২০১৬ | প্রকৃত অর্জন* ২০১৬-২০১৭ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-২০১৮ | | | | | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ | প্রক্ষেপণ ২০১৯-২০২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১] কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন | ৯ | [১.১] মন্ত্রণালয়/বিভাগে ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | [১.১.১] ই-ফাইলে নথি নিষ্পত্তিকৃত | % | ১.০০ | | | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ | | |
| | | [১.২] ইউনিকোড ব্যবহার নিশ্চিত করা | [১.২.১] ইউনিকোড ব্যবহার নিশ্চিতকৃত | % | ০.৫০ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | [১.৩] মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক ২০১৬-১৭ অর্থবছরে প্রণীত তালিকা অনুযায়ী কমপক্ষে দুটি করে অনলাইন সেবা চালু করা | [১.৩.১] ন্যূনতম দুটি অনলাইন সেবা চালুকৃত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৭ | ০৭-১২-২০১৭ | ১৪-১২-২০১৭ | ২১-১২-২০১৭ | ২৮-১২-২০১৭ | | |
| | | [১.৪] মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক উদ্ভাবনী উদ্যোগ ও Small Improvement Project (SIP) বাস্তবায়ন | [১.৪.১] উদ্ভাবনী উদ্যোগ ও SIP-সমূহের ডাটাবেস প্রস্তুতকৃত | তারিখ | ১.০০ | | | ৩১-০৮-২০১৭ | ১৪-০৯-২০১৭ | ২৮-০৯-২০১৭ | ১২-১০-২০১৭ | ৩১-১০-২০১৭ | | |
| | | | [১.৪.২] উদ্ভাবনী উদ্যোগ ও SIP রেপ্লিকেটেড | % | ১.০০ | | | ৪০ | ৩০ | ২৫ | ২০ | ১০ | | |
| | | [১.৫] সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা | [১.৫.১] সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১.০০ | | | ১৪-০৯-২০১৭ | ২৮-০৯-২০১৭ | ১২-১০-২০১৭ | ৩১-১০-২০১৭ | ১৪-১২-২০১৭ | | |
| | | [১.৬] মন্ত্রণালয়/বিভাগের প্রতিটি শাখায় বিনষ্টযোগ্য নথির তালিকা প্রণয়ন ও বিনষ্ট করা | [১.৬.১] তালিকা অনুযায়ী বিনষ্টকৃত নথি | % | ১.০০ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | | |
| | | | [১.৬.২] শাখায় বিনষ্টযোগ্য নথির তালিকা প্রণীত | তারিখ | ০.৫০ | | | ১১-০১-২০১৮ | ১৮-০১-২০১৮ | ২২-০১-২০১৮ | ২৫-০১-২০১৮ | ৩১-০১-২০১৮ | | |
| | | [১.৭] সিটিজেন্স চার্টার অনুযায়ী সেবা প্রদান | [১.৭.১] সিটিজেন্স চার্টার বাস্তবায়ন সংক্রান্ত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১.০০ | | | ৩১-১২-২০১৭ | ১৫-০১-২০১৮ | ২২-০১-২০১৮ | ০৮-০২-২০১৮ | ২২-০২-২০১৮ | | |
| | | [১.৮] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | [১.৮.১] নিষ্পত্তি সংক্রান্ত প্রতিবেদন প্রেরিত | সংখ্যা | ০.৫০ | | | ১২ | ১১ | | | | | |
| | | | [১.৮.২] নিষ্পত্তিকৃত অভিযোগ | % | ০.৫০ | | | ৯০ | ৮০ | ৭৫ | ৭০ | ৬০ | | |
| [২] দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা | ৪ | [২.১] ২০১৭-১৮ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | [২.১.১] নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি দাখিলকৃত | তারিখ | ০.৫০ | | | ২৩-০৪-২০১৭ | ২৪-০৪-২০১৭ | ২৫-০৪-২০১৭ | ২৬-০৪-২০১৭ | ২৭-০৪-২০১৭ | | |
| | | [২.২] ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | [২.২.১] নির্ধারিত তারিখে মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ০৮-০৮-২০১৭ | ১০-০৮-২০১৭ | ১৩-০৮-২০১৭ | ১৬-০৮-২০১৭ | ১৭-০৮-২০১৭ | | |
| | | [২.৩] ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | [২.৩.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রণীত ও দাখিলকৃত | সংখ্যা | ০.৫০ | | | ৪ | ৩ | | | | | |
| | | [২.৪] ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল | [২.৪.১] নির্ধারিত তারিখে অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ৩০-০১-২০১৮ | ৩১-০১-২০১৮ | ০১-০২-২০১৮ | ০৫-০২-২০১৮ | ০৬-০২-২০১৮ | | |
| | | [২.৫] আওতাধীন দপ্তর/সংস্থার সঙ্গে ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর | [২.৫.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত | তারিখ | ১.০০ | | | ১৫-০৬-২০১৮ | ১৮-০৬-২০১৮ | ১৯-০৬-২০১৮ | ২০-০৬-২০১৮ | ২১-০৬-২০১৮ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৫-২০১৬ | প্রকৃত অর্জন* ২০১৬-২০১৭ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-২০১৮ | | | | | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ | প্রক্ষেপণ ২০১৯-২০২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৩ | [৩.১] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.১.১] বছরে অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১.০০ | | | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | | |
| | | [৩.২] স্থাবর/অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | [৩.২.১] স্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা | তারিখ | ০.৫০ | | | ০১-০২-২০১৮ | ১৫-০২-২০১৮ | ২৮-০২-২০১৮ | ২৮-০৩-২০১৮ | ১৫-০৪-২০১৮ | | |
| | | | [৩.২.২] অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা | তারিখ | ০.৫০ | | | ০১-০২-২০১৮ | ১৫-০২-২০১৮ | ২৮-০২-২০১৮ | ২৮-০৩-২০১৮ | ১৫-০৪-২০১৮ | | |
| | | [৩.৩] মন্ত্রণালয়/বিভাগে কল্যাণ কর্মকর্তা নিয়োগ করা | [৩.৩.১] কল্যাণ কর্মকর্তা নিয়োগকৃত ও ওয়েব সাইটে প্রকাশিত | তারিখ | ১.০০ | | | ১৫-১০-২০১৭ | ২৯-১০-২০১৭ | ১৫-১১-২০১৭ | ৩০-১১-২০১৭ | ১৪-১২-২০১৭ | | |
| [৪] দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ২ | [৪.১] সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | [৪.১.১] প্রশিক্ষণের সময় | জনঘণ্টা | ১.০০ | | | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | | |
| | | [৪.২] ২০১৭-১৮ অর্থবছরের শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং পরিবীক্ষণ কাঠামো প্রণয়ন করা | [৪.২.১] শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং পরিবীক্ষণ কাঠামো প্রণীত ও দাখিলকৃত | তারিখ | ০.৫০ | | | ১৩-০৭-২০১৭ | ৩১-০৭-২০১৭ | | | | | |
| | | [৪.৩] নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিল করা | [৪.৩.১] ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ০.৫০ | | | ৪ | ৩ | | | | | |
| [৫] তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার করা | ২ | [৫.১] তথ্য বাতায়ন হালনাগাদকরণ | [৫.১.১] তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ০.৫০ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | [৫.২] স্বপ্রণোদিত তথ্য প্রকাশ | [৫.২.১] স্বপ্রণোদিত তথ্য প্রকাশিত | % | ০.৫০ | | | ১০০ | ৯০ | ৮৫ | ৮০ | ৭৫ | | |
| | | [৫.৩] মন্ত্রণালয়/বিভাগের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ | [৫.৩.১] বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১.০০ | | | ১৫-১০-২০১৭ | ২৯-১০-২০১৭ | ১৫-১১-২০১৭ | ৩০-১১-২০১৭ | ১৪-১২-২০১৭ | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, ভারপ্রাপ্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, মাননীয় মন্ত্রী, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়-এর প্রতিনিধি হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি মন্ত্রিপরিষদ সচিবের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মন্ত্রিপরিষদ সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে ভারপ্রাপ্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| ভারপ্রাপ্ত সচিব<br>যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | ০৬/৭/২০১৭খ্রি:<br>তারিখ |
| মন্ত্রিপরিষদ সচিব<br>মন্ত্রিপরিষদ বিভাগ | তারিখ |

**সংযোজনী-১**

## শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | এমটিবিএফ | মিডিয়াম টার্ম বাজেটারি ফ্রেমওয়ার্ক |
| ২ | এমবিএফ | মিনিস্ট্রি বাজেটারি ফ্রেমওয়ার্ক |
| ৩ | এনএসসি | ন্যাশনাল স্পোর্টস কাউন্সিল (জাতীয় ক্রীড়া পরিষদ) |
| ৪ | বিকেএসপি | বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.১] ন্যাশনাল সার্ভিস কর্মসূচির অধীনে শিক্ষিত বেকার যুবদের প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে অস্থায়ী কর্মসংস্থান সৃষ্টি | [১.১.১] প্রশিক্ষিত ও অস্থায়ী কর্মসংস্থানে নিয়োজিত যুবকের সংখ্যা | ২৪-৩৫ বছর বয়সী উচ্চ মাধ্যমিক বা তদূর্ধ্ব শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন বেকার যুবদের ৩ মাস মেয়াদী প্রশিক্ষণ প্রদান ও প্রশিক্ষণোত্তর ২ বছর মেয়াদী অস্থায়ী কর্মসংস্থান সৃষ্টি করা হয়। | যুব উন্নয়ন অধিদপ্তর | প্রশিক্ষণ সমাপ্তকৃত যুব সংখ্যা | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন |
| [১.২] যুবদের জন্য প্রশিক্ষণ কোর্স পরিচালনা | [১.২.১] প্রশিক্ষিত যুবসংখ্যা | দেশ-বিদেশের শ্রম বাজারের চাহিদা অনুযায়ী ১-৬ মাস মেয়াদী ট্রেড ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হয় এবং গ্রামীণ যুবদের আয় সঞ্চারণ ও আত্ম-কর্মসংস্থানের লক্ষ্যে স্থানীয় চাহিদার ভিত্তিতে ১-৩ সপ্তাহ মেয়াদী প্রশিক্ষণ দেয়া হয় | যুব উন্নয়ন অধিদপ্তর | প্রশিক্ষণ সমাপ্তকৃত যুব সংখ্যা | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন। |
| [১.৩] সফল যুব সংগঠনকে আর্থিক অনুদান প্রদান | [১.৩.১] অনুদানপ্রাপ্ত যুব সংগঠনের সংখ্যা | দেশের আর্থ-সামাজিক উন্নয়নে ভূমিকা পালনকারী সফল যুব সংগঠনকে আর্থিক অনুদান প্রদান করা হয় | যুব উন্নয়ন অধিদপ্তর | প্রশিক্ষণ ও ক্ষুদ্র ঋণ গ্রহণের পর আত্মকর্মীর সংখ্যা | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন। |
| [১.৪] প্রশিক্ষিত যুবদের জন্য ক্ষুদ্রঋণ প্রদান | [১.৪.১] উপকারভোগী যুব সংখ্যা | প্রশিক্ষিত যুবদের আত্ম-কর্মসংস্থানের লক্ষ্যে সর্বোচ্চ এক লক্ষ টাকা ক্ষুদ্র ঋণ প্রদান করা হয় | যুব উন্নয়ন অধিদপ্তর | ঋণ গ্রহণকারী প্রশিক্ষিত যুব সংখ্যা | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন। |
| [১.৫] জাতীয় যুব পুরস্কার প্রদান | [১.৫.১] পুরস্কারপ্রাপ্ত যুব/যুব সংগঠকের সংখ্যা | কর্মের স্বীকৃতিস্বরূপ সফল যুব/যুবমহিলা/সংগঠককে প্রতিবছর জাতীয় যুব পুরস্কার প্রদান করা হয় | যুব উন্নয়ন অধিদপ্তর | যুব পুরস্কারপ্রাপ্তদের সংখ্যা | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন। |
| [১.৬] জনসচেতনতামূলক অনুষ্ঠান | [১.৬.১] অনুষ্ঠিত সভার সংখ্যা | যুব উন্নয়ন অধিদপ্তরের উপজেলা/জেলা প্রশিক্ষণ কেন্দ্রের কর্মকর্তাগণ কর্তৃক স্থানীয় তালিকাভুক্ত যুব সংগঠনের মাধ্যমে সামাজিক সচেতনতামূলক সভা/সমাবেশ করে জনগণকে উদ্বুদ্ধ করা হয় | যুব উন্নয়ন অধিদপ্তর | স্বেচ্ছাসেবী যুব সংগঠনের মাধ্যমে অনুষ্ঠিত জনসচেতনতামূলক সভার সংখ্যা | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন। |
| [১.৭] প্রচার- প্রচারণা | [১.৭.১] প্রকাশনার সংখ্যা | যুব উন্নয়ন অধিদপ্তরের বিভিন্ন কার্যক্রম বহুল প্রচারের নিমিত্ত বিভিন্ন ধরণের প্রকাশনা প্রকাশিত হয় | যুব উন্নয়ন অধিদপ্তর | প্রকাশনার সংখ্যা | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন। |
| [১.৮] আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি | [১.৮.১] আত্মকর্মীর সংখ্যা | যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক প্রশিক্ষণ নিয়ে প্রকল্প গ্রহণ করে কমপক্ষে মাসিক ৪৫০০ টাকা আয় করলে সে আত্মকর্মীতে রূপান্তরিত হয় | যুব উন্নয়ন অধিদপ্তর | প্রশিক্ষণের মাধ্যমে সৃষ্ট আত্মকর্মীর সংখ্যা | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন। |
| [১.৯] যুব প্রশিক্ষণ কার্যক্রম তদারকি | [১.৯.১] পরিদর্শন প্রতিবেদনের সংখ্যা | যুব প্রশিক্ষণ কেন্দ্র, জেলা ও উপজেলা পর্যায়ে যুব প্রশিক্ষণ কার্যক্রম সফলভাবে সম্পাদন ও প্রশিক্ষিত যুবদের কর্মসংস্থানের বিষয় মন্ত্রণালয় কর্তৃক তদারকি করা হয় | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | পরিদর্শন প্রতিবেদনের সংখ্যা | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন। |
| [২.১] ক্রীড়ার বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান | [২.১.১] প্রশিক্ষিত ক্রীড়াবিদ সংখ্যা | দক্ষ ক্রীড়াবিদ তৈরির লক্ষ্যে আন্তর্জাতিক মানসম্পন্ন কোচ দ্বারা ইভেন্ট ওয়ারি প্রশিক্ষণ দেয়া হয় | ক্রীড়া পরিদপ্তর, এনএসসি ও বিকেএসপি | প্রশিক্ষিত ও দক্ষ খেলোয়াড়ের সংখ্যা | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন। |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [২.২] তৃণমূল পর্যায়ে ক্রীড়া প্রতিভা অন্বেষণ | [২.২.১] অন্বেষণকৃত প্রতিভার সংখ্যা | ইউনিয়ন, উপজেলা, জেলা ও বিভাগীয় পর্যায়ে ক্রীড়া প্রতিযোগিতা আয়োজনের মাধ্যমে ভবিষ্যত খেলোয়াড় তৈরির লক্ষ্যে প্রতিভা অনন্বেষণ করা হয় | ক্রীড়া পরিদপ্তর, এনএসসি ও বিকেএসপি | তৃণমূল হতে বাছাইকৃত খেলোয়াড়ের সংখ্যা | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন। |
| [২.৩] শারীরিক শিক্ষায় স্নাতক ডিগ্রী প্রদান | [২.৩.১] ডিগ্রীপ্রাপ্তর সংখ্যা | কর্মসংস্থান সৃষ্টি, স্কুল/কলেজ/জেলা/বিভাগীয় পর্যায়ে ক্রীড়া ও শারীরিক শিক্ষায় পাঠ দান এবং ক্রীড়ার মানোন্নয়নের জন্য বিপিএড ডিগ্রী প্রদান করা হয় | ক্রীড়া পরিদপ্তর | বিপিএড ডিগ্রীপ্রাপ্ত ছাত্র/ছাত্রীর সংখ্যা | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন। |
| [২.৪] ক্রীড়ায় স্নাতক ডিগ্রী প্রদান | [২.৪.১] ডিগ্রীপ্রাপ্তর সংখ্যা | ক্রীড়া শিক্ষায় দক্ষ মানবসম্পদ তৈরির লক্ষ্যে বি স্পোর্টস ডিগ্রী প্রদান করা হয় | বিকেএসপি | ডিগ্রীপ্রাপ্ত ক্রীড়াবিদের সংখ্যা | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন। |
| [২.৫] ক্রীড়া ক্লাব/প্রতিষ্ঠানকে আর্থিক অনুদান | [২.৫.১] ক্রীড়া ক্লাব/ প্রতিষ্ঠানের সংখ্যা | ক্রীড়ার মানোন্নয়নের জন্য ক্রীড়া ক্লাব/প্রতিষ্ঠান/সংস্থা/ফেডারেশনসমূকে আর্থিক অনুদান প্রদান করা হয় | ক্রীড়া পরিদপ্তর ও এনএসসি | আর্থিক অনুদানপ্রাপ্ত প্রতিষ্ঠানের সংখ্যা | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন। |
| [২.৬] দুস্থ ক্রীড়াবিদদের আর্থিক অনুদান | [২.৬.১] দুস্থ ক্রীড়াবিদদের সংখ্যা | ক্রীড়ায় উৎসাহ প্রদানের লক্ষ্যে দুস্থ ক্রীড়াবিদদের আর্থিক অনুদান প্রদান করা হয় | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন | আর্থিক অনুদানপ্রাপ্ত দুস্থ ক্রীড়াবিদদের সংখ্যা | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন। |
| [২.৭] ক্রীড়া সামগ্রী বিতরণ | [২.৭.১] প্রতিষ্ঠানের সংখ্যা | ক্রীড়ার মানোন্নয়নের লক্ষ্যে ক্রীড়া ক্লাব/স্কুল/কলেজে বিভিন্ন ধরণের ক্রীড়া সামগ্রী বিতরণ করা হয় | ক্রীড়া পরিদপ্তর | ক্রীড়া সামগ্রীপ্রাপ্ত প্রতিষ্ঠানের সংখ্যা | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন। |
| [২.৮] ক্রীড়া স্থাপনা নির্মাণ | [২.৮.১] নির্মিত স্থাপনার সংখ্যা | খেলাধুলার মানোন্নয়নের জন্য উপজেলা, জেলা ও কেন্দ্রীয় পর্যায়ে ক্রীড়া স্থাপনা নির্মাণ করা হয় | এনএসসি | নির্মিত ক্রীড়া স্থাপনার সংখ্যা | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন। |
| [২.৯] ক্রীড়া স্থাপনা মেরামত ও সংস্কার | [২.৯.১] মেরামত/সংস্কারকৃত স্থাপনার সংখ্যা | খেলাধুলার মানোন্নয়নের লক্ষ্যে ক্রীড়া স্থাপনা সংস্কার ও মেরামত করা হয় | এনএসসি | সংস্কার ও মেরামতকৃত স্থাপনার সংখ্যা | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন। |
| [২.১০] আন্তর্জাতিক প্রতিযোগিতায় অংশগ্রহণ | [২.১০.১] প্রতিযোগিতায় অংশগ্রহণের সংখ্যা | ক্রীড়ার বিকাশ ও সুনাম অর্জনের লক্ষ্যে বিভিন্ন আন্তর্জাতিক প্রতিযোগিতায় অংশগ্রহণ করে স্বর্ণ, রৌপ্য ও ব্রোঞ্জ পদক অর্জিত হয় | এনএসসি ও বিকেএসপি | অর্জিত স্বর্ণ, রৌপ্য ও ব্রোঞ্জ পদকের সংখ্যা | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন। |
| [২.১১] বিশেষ চাহিদাসম্পন্ন ক্রীড়া প্রতিভা অন্বেষণ | [২.১১.১] প্রতিভাবান খেলোয়াড় | সারা দেশে প্রতিযোগিতা আয়োজনের মাধ্যমে বিশেষ চাহিদাসম্পন্ন ক্রীড়া প্রতিভা অন্বেষণ করা হয় | ক্রীড়া পরিদপ্তর | বাছাইকৃত বিশেষ চাহিদাসম্পন্ন খেলোয়াড়ের সংখ্যা | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন। |
| [২.১২] ক্রীড়া বিজ্ঞানে ডিপ্লোমা প্রদান | [২.১২.১] ডিপ্লোমাপ্রাপ্ত সংখ্যা | ক্রীড়া ক্ষেত্রে দক্ষ মানবসম্পদ তৈরির লক্ষ্যে ক্রীড়া বিজ্ঞানে ডিপ্লোমা প্রদান করা হয় | বিকেএসপি | ডিপ্লোমাপ্রাপ্তদের সংখ্যা | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন। |
| [২.১৩] কোচেস সার্টিফিকেট কোর্স | [২.১৩.১] কোর্সে অংশগ্রহণকারী সংখ্যা | খেলোয়াড়দের উন্নতমানের প্রশিক্ষণ প্রদানের নিমিত্ত প্রশিক্ষকদের কোচেস সার্টিফিকেট ডিগ্রী প্রদান করা হয় | বিকেএসপি | কোচেস সার্টিফিকেটপ্রাপ্তদের সংখ্যা | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন। |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [২.১৪] জাতীয় ক্রীড়া পুরস্কার প্রদান | [২.১৪.১] পুরস্কারপ্রাপ্ত ক্রীড়াবিদ/প্রতিষ্ঠান সংখ্যা | ক্রীড়াক্ষেত্রে অনন্য অবদানের স্বীকৃতিসরূপ প্রতিবছর শ্রেষ্ঠ ১০ জন ক্রীড়াবিদকে জাতীয় ক্রীড়া পুরস্কার প্রদান করা হয় | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | জাতীয় ক্রীড়া পুরস্কারপ্রাপ্ত ক্রীড়াবিদ সংখ্যা | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন। |
| [২.১৫] আন্তর্জাতিক প্রতিযোগিতার আয়োজন | [২.১৫.১] আয়োজিত আন্তর্জাতিক প্রতিযোগিতার সংখ্যা | বিভিন্ন ফেডারেশন কর্তৃক আন্তর্জাতিক ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করা হয় | এনএসসি | আয়োজিত আন্তর্জাতিক প্রতিযোগিতার সংখ্যা | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন। |
| [২.১৬] ক্রীড়া প্রশিক্ষণ ও ক্রীড়া সামগ্রী বিতরণ কার্যক্রম তদারকি | [২.১৬.১] পরিদর্শন প্রতিবেদনের সংখ্যা | বিকেএসপি, জেলা ও উপজেলা পর্যায়ে ক্রীড়া বিষয়ক প্রশিক্ষণ এবং ক্রীড়া সামগ্রী বিতরণ ও ক্রীড়া স্থাপনার সঠিক ব্যবহার তদারকি করা হয় | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | পরিদর্শন প্রতিবেদনের সংখ্যা | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাৎসরিক প্রতিবেদন। |

## সংযোজনী ৩: অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের/অধিদপ্তর/সংস্থা-এর নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|